গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাজেট ও পরিকল্পনা-১ অধিশাখা
www.mof.gov.bd

**বিষয়: অর্থ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার সাথে ২০২০-২১ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | বেগম সেলিনা আখতার<br>অতিরিক্ত সচিব (প্রশাসন ও ব্যয় ব্যবস্থাপনা)<br>অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়। |
| তারিখ ও সময় | ১২/০৪/২০২১, বিকাল ৩.০০ ঘটিকা |
| স্থান | কক্ষ নং- ১৬১৮, ভবন নং-১১, অর্থ বিভাগ<br>বাংলাদেশ সচিবালয়, ঢাকা। |

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা **পরিশিষ্ট-'ক'**।

সভার প্রারম্ভে সভাপতি ও চিফ ইনোভেশন অফিসার, অর্থ বিভাগ এবং ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল ও হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়ের উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অর্থ বিভাগের উপসচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মোহাম্মদ সাইদুল আরীফ আলোচ্যসূচি উপস্থাপন করেন। আলোচ্যসূচি অনুযায়ী হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয় ও ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিলের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন কাঠামো, ২০২০-২০২১ এর তৃতীয় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ, ২০২১) অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনা করা হয়। বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নকারি দপ্তর/সংস্থা |
|---|---|---|
| ০১. | হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয় ও ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিলের ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার (Innovation) অন্তর্ভুক্ত সংশ্লিষ্ট কার্যাবলী নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন সম্পন্ন করতে হবে। | হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়/ ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল |
| ০২. | ইনোভেশন টিমের পূর্ণাঙ্গ তথ্যসহ বছরভিত্তিক উদ্ভাবনের সকল তথ্য আপলোড/ হালনাগাদকরণ করতে হবে। | হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়/ ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল |
| ০৩. | উদ্ভাবনী উদ্যোগ/ধারণা আহবান এবং প্রাপ্ত উদ্ভাবনী ধারণাগুলো যাচাই-বাছাইপূর্বক তালিকা তথ্য বাতায়নে প্রকাশ করতে হবে। | হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়/ ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল |
| ০৪. | ইনোভেশন টিমের সভা নিয়মিত আয়োজন করতে হবে। | হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়/ ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল |
| ০৫. | নূন্যতম একটি উদ্ভাবন মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক আয়োজিত প্রদর্শনীতে (শোকেসিং) অংশগ্রহণ করতে হবে। | হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়/ ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল |
| ০৬. | মাঠ পর্যায়ে চলমান উদ্ভাবনী প্রকল্পসমূহ সরেজমিন পরিদর্শন ও প্রয়োজনীয় সহায়তা প্রদান করতে হবে। | হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয় |
| ০৭. | উদ্ভাবকগণকে প্রশংসাসূচক উপ-আনুষ্ঠানিক পত্র/সনদপত্র /ক্রেস্ট/ পুরস্কার প্রদান করতে হবে। | হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়/ ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল |
| ০৮. | ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল ও হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়ের ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার (Innovation) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন সংশ্লিষ্ট পরিবীক্ষণ ছকে যথাসময়ে বাজেট ও পরিকল্পনা শাখায় প্রেরণ করতে হবে। | হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়/ ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল |

২। পরিশেষে, আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বা/-
১৩/০৪/২০২১
(বেগম সেলিনা আখতার)
অতিরিক্ত সচিব (প্রশাসন ও ব্যয় ব্যবস্থাপনা)
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

নম্বর: ০৭.০০.০০০০.০৩৩.০৫.০০৯.২০-১১০

তারিখ: ৩০ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ
১৩ এপ্রিল ২০২১ খ্রিস্টাব্দ

**বিতরণঃ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১। হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুন বাগিচা, ঢাকা।
০২। চেয়ারম্যান, ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল, মহাখালী, ঢাকা ।
০৩। অতিরিক্ত সচিব (সামষ্টিক অর্থনীতি)/(বাজেট-১)/(প্রশাসন ও সমন্বয়)/(আইন উপদেষ্টা)/(প্রশাসন), অর্থ বিভাগ।
০৪। যুগ্মসচিব (প্রোগ্রাম এক্সিকিউটিভ এন্ড কো-অর্ডিনেটর (BACS & iBAS ++) SPFMS প্রোগ্রাম), সেগুনবাগিচা, ঢাকা।
০৫। উপসচিব (প্রশিক্ষণ)/(বাজেট-১), অর্থ বিভাগ।
০৬। জনাব মোঃ আব্দুস সালাম শাহ, সিষ্টেমস এনালিষ্ট (এফএসএমইউ), অর্থ বিভাগ।

অনুলিপি সদয় অবগতির জন্যঃ-
০১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০২। অতিরিক্ত সচিব (প্রশাসন ও ব্যয় ব্যবস্থাপনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ।
০৩। যুগ্মসচিব (বাজেট ও পরিকল্পনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ।
০৪। অফিস কপি।

১৩/৪/২০২১

মোহাম্মদ সাইদুল আরীফ
উপসচিব